ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-১

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪২৩.৩১.০৭৩.২৩** নথির বিষয়: Repair, Maintenance & Replacement of NRV (Non return Valve) of Delivery line at different Pump station under F.M.Division-1

নোট: ১ নোটের বিষয়: **Repair, Maintenance & Replacement of NRV (Non return Valve) of Delivery line at different Pump station under F.M.Division-1**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২০/৭/২৩ ৭:৫৯ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার এফ এম বিভাগ-১ এর আওতাধীন বর্তমানে ৬২০টিরও অধিক পানির পাম্প চালু আছে। প্রতিটি পাম্পের ডেলিভারী লাইনে নন-রিটার্ন ভাল্ভ আছে। সিস্টেম লস কমিয়ে পানির অপচয় রোধ এবং পাম্প স্টেশনে স্থাপিত পাম্পের নিরাপত্তার জন্য এসব নন-রিটার্ন ভাল্ভ খুবই গুরুত্বপূর্ণ। নন-রিটার্ন ভাল্ভ খারাপ হলে পাম্প বন্ধ অবস্থায় ব্যাক প্রেসারে পানি কূপে প্রবেশ করে। এতে একদিকে যেমন পানির উৎপাদনে সিষ্টেম লস্ হয় অন্যদিকে তেমনি ফ্লো-মিটার উল্টা ঘুরে পানির উৎপাদন রেকর্ড নির্ণয়ে জটিলতা সৃষ্টি হয়, এবং পানির ব্যাক প্রেসারে পাম্প উল্টা ঘুরে পাম্পের মেক্যানিক্যাল এলাইনমেন্ট নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে। এফ.এম.বিভাগ-১ এর আওতাধীন অনেক পাম্প এর ডেলিভারী লাইনে স্থাপিত নন-রিটার্ন ভাল্ভ খারাপ রয়েছে। যার কারনে ত্রুটিযুক্ত নন-রিটার্ন ভাল্ভ সমূহ পরিবর্তন করে দেওয়ার জন্য জোন থেকে টেলিফোনে তাগাদা দেওয়া হচ্ছে। কাজেই বিভিন্ন পাম্প স্টেশনের বিদ্যমান ১৮ (আঠার) টি অকেজো ৮ ইঞ্চি ব্যাস নন-রিটার্ন ভাল্ভ মেরামত ও পুনঃ স্থাপন ও আনুষঙ্গিক কাজের জন্য অত্র সংস্থার অনুমোদিত রেট সিডিউল ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে টাকার পরিমান দাড়িয়েছে মোট = ২,৯৮,৬৪৮/-(দুই লক্ষ আটানব্বই হাজার ছয়শত আটচল্লিশ) টাকা মাত্র। প্রাক্কলনের ব্যয়ভার চলতি ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় LTM(e-GP) প্রক্রিয়ায় সম্পাদনের জন্য ক্রমিক নং-২৬,ডব্লিউ-২২ এ অন্তর্ভুক্ত আছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২০/৭/২৩ ৮:১৫ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে সুষ্ঠু রক্ষণাবেক্ষণ কাজের স্বার্থে বর্ণিত কাজের জন্য প্রাক্কলিত = ২,৯৮,৬৪৮/-(দুই লক্ষ আটানব্বই হাজার ছয়শত আটচল্লিশ) টাকা মাত্র টাকার কাজটি নির্বাহী প্রকৌশলী, এফ এম বিভাগ-১ কর্তৃক LTM(e-Gp) এ দরপত্র আহ্বান ও বাস্তবায়নের জন্য উপস্থাপিত প্রাক্কলনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন এর ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২০/৭/২৩ ৮:১৬ অপরাহ্ন সুজন নাথ উপ-সহকারি প্রকৌশলী এফ এম বিভাগ-১	২১/৭/২৩ ১০:২৬ পূর্বাহ্ন মোঃ গোলাম মোস্তফা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-১	২১/৭/২৩ ১২:১২ অপরাহ্ন শেখ আরিফ রহমান জিতু নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-১	~~২১/৭/২৩ ১২:১২ অপরাহ্ন~~ ~~মোঃ আঃ লতিফ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~আর পি ই এন্ড এম সার্কেল~~

সংযুক্তিসমূহ (৫):
১। Approved APP.pdf
২। Approved Note.pdf
৩। Approved Rate.pdf
৪। Protibedan.pdf
৫। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৩/৭/২৩ ১১:৩৮ পূর্বাহ্ন

অনুমোদিত।

২৩/৭/২৩ ১১:৩৮ পূর্বাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	~~২৩/৭/২৩ ১১:৩৮ পূর্বাহ্ন~~ ~~শেখ আরিফ রহমান জিতু~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~এফ এম বিভাগ-১~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৩/৭/২৩ ৩:১৫ অপরাহ্ন

দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন



২৩/৭/২৩ ৩:১৫ অপরাহ্ন
শেখ আরিফ রহমান জিতু
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১



২৪/৭/২৩ ৮:৩৫ পূর্বাহ্ন
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১

২৪/৭/২৩ ৮:৩৫ পূর্বাহ্ন
সুজন নাথ
উপ-সহকারি প্রকৌশলী
এফ এম বিভাগ-১